



# বাংলাদেশ

# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১১, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ অগ্রহায়ণ ১৪১২/১১ ডিসেম্বর ২০০৫

এস, আর, ও নং ৩২৯-আইন/২০০৫।—ইপিজেড শ্রমিক সংঘ ও শিল্প সম্পর্ক আইন, ২০০৪ (২০০৪ সনের ২৩ নং আইন) এর ধারা ৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ রাষ্ট্রনী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষের, অতঃপর কর্তৃপক্ষ বলিয়া উল্লিখিত, নির্বাহী চেয়ারম্যানের সুপারিশের ভিত্তিতে, উক্ত আইনের উদ্দেশ্য পূরণকালে নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত ব্যক্তিগণকে উহাদের নামের বিপরীতে কলাম (৩) এ বর্ণিত অংশসমূহের শিল্প ইউনিট বা শিল্পসমূহ সম্পর্কে মীমাংসাকারী (Conciliator) হিসাবে নিম্নবর্ণিত শর্তে ১ (এক) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করিল, যথা :—

ক্রমিক নং	যে অঞ্চলের শিল্প ইউনিট বা শিল্পসমূহ সম্পর্কে মীমাংসাকারী নিয়োগ প্রদান করা হইল।
--------------	---

১

২

৩

- |     |  |  |
|-----|--|--|
| (১) | জনাব মোহাম্মদ আবুল হাসান,<br>পিতা মরহুম নজির আহমেদ, ঠিকানা : গ্রাম মাধ্যম<br>মহাদেবপুর, ডাকঘর সীতাকুণ্ড, উপজেলা সীতাকুণ্ড,<br>জেলা চট্টগ্রাম; এবং কক্ষ নং ২০৯, আইনজীবী ভবন,<br>কোর্ট হীল, চট্টগ্রাম। | চট্টগ্রাম, কুমিল্লা ও কর্ণফুলী<br>ইপিজেড।      |
| (২) | বেগম শাহিদা বেগম,<br>পিতা আলহাজু আনোয়ার আলী ভুইয়া, ঠিকানা : ৯/১<br>ডক্টর বাসাবো, ঢাকা-১২১৪; এবং কক্ষ নং ৩২২, এনেক্স<br>ভবন, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন ভবন, ঢাকা।                                | ঢাকা, মংলা, উত্তরা, ঈশ্বরদী ও<br>আদমজী ইপিজেড। |

(১১১৩৯)

মূল্য : টাকা ২.০০

## নিয়োগের শর্তাবলী ৩—

- (১) মীমাংসাকারী চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ হইবে যোগদানের তারিখ হইতে এক বৎসর। উভয় পক্ষের সম্মতিক্রমে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাইতে পারে।
- (২) কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে এক মাসের নেটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাইবে।
- (৩) মীমাংসাকারীর মাসিক বেতন হইবে সর্বসাকুল্যে ২৫০০০ (পঁচিশ হাজার) টাকা। উক্ত বেতন হইতে সরকারী বিধি বিধান অনুযায়ী সকল প্রকার কর, ভ্যাট ইত্যাদি কর্তন করা হইবে। মীমাংসাকারী নির্ধারিত মাসিক সর্বসাকুল্যে বেতনের অতিরিক্ত কোন প্রকার আর্থিক বা অন্যান্য সুবিধা দাবী করিতে পারিবেন না।
- (৪) মীমাংসাকারী চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকুরীর সময়ে সার্বক্ষণিকভাবে কর্তৃপক্ষের কাজে নিয়োজিত থাকিবেন এবং ইপিজেড শ্রমিক সংস্থা ও শিল্প সম্পর্ক আইন, ২০০৪ অনুযায়ী মীমাংসাকারী হিসাবে তাহার উপর অর্পিত দায়িত্ব পালন করিবেন। তিনি যে চাকুরীতে নিয়োজিত হইতেছেন সে চাকুরীতে চাকুরী সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রহিয়াছে তৎসম্পর্কীয় আচরণবিধি এবং অন্যান্য বিধিসমূহ মানিয়া চলিবেন।
- (৫) মীমাংসাকারী কর্তৃপক্ষের চাকুরীর সময়ে কোন সরকারী, বেসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সংস্থা, শিল্প ইউনিট/প্রতিষ্ঠান, শ্রমিক সংস্থা বা অন্য কোথাও আইন উপদেষ্টা, পরামর্শক, মীমাংসাকারী বা অন্য কোন চাকুরীতে নিয়োজিত থাকিতে পারিবেন না।
- (৬) মীমাংসাকারীর পদব্যবাদা কর্তৃপক্ষের ব্যবস্থাপক পদব্যবাদার সমান হইবে।
- (৭) মীমাংসাকারী কর্তৃপক্ষের বিধি মোতাবেক ছুটি প্রাপ্য হইবেন।
- (৮) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত চুক্তিপত্র অনুসারে কর্তৃপক্ষের সহিত একটি চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।
- (৯) মীমাংসাকারীর পূর্ব কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে প্রতিপাদিত এবং সরকারী সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত রিপোর্ট সতোষজনক না হইলে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।
- (১০) মীমাংসাকারী, এই প্রজানে উল্লেখ করা হয় নাই এইরূপ অন্যান্য বিষয়ে কর্তৃপক্ষের অস্ত্রায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, এইচ, এম, আহসান  
পরিচালক-১।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুনেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।